

## প্রযুক্তির নাম: স্থানীয় সেবাদানকারীর (LSP) সহায়তায় টেকসই সমন্বিত খামারকরণ

### বিস্তারিত বিবরণ

প্রযুক্তির উপযোগিতা: সারাদেশের গ্রামাঞ্চলে বসতবাড়িভিত্তিক খামারকরণে এ প্রযুক্তি উপযোগি।

### প্রযুক্তি ব্যবহারের তথ্য

বিষয়	সবজি	ফলমূল	গবাদি পশু-পাখি	মাছ চাষ	কৃষি বহির্ভূত কাজ
দায়িত্বপ্রাপ্ত LSP	পুরুষ LSP	পুরুষ LSP	পুরুষ LSP	পুরুষ LSP	মহিলা LSP
কার্যক্রম	বীজ ও চারা উৎপাদন, সংগ্রহ, সরবরাহ ও বিনিময় গ্রহন।	বীজ ও চারা উৎপাদন, সংগ্রহ, সরবরাহ ও বিনিময় গ্রহন।	কৃমিমুক্তকরণ, টিকাদান ও বিনিময় গ্রহন।	মাছের পোনা সংগ্রহ, মুক্তকরণ, যত্র ও বিনিময় গ্রহন।	উৎসাহিতকরণ, প্রশিক্ষণ ও বাজারজাতকরণ
উপাদান	চারা- ফুলকপি, বাঁধাকপি, টমেটো, বেগুন, মরিচ, সজিনা, নেপিয়্যার ঘাস ইত্যাদি।	চারা- আখ, পেঁপে, আম, লিচু, পেয়ারা, লেবু, মাল্টা, নারিকেল, জাম্বুরা, কলা, ডাগনফল ইত্যাদি।	গরু, ছাগল, ভেড়া, মহিষ, হাঁস, মুরগি, কবুতর ইত্যাদি।	একক চাষ হিসেবে পাবদা, টেংরা, তেলাপিয়া, শিং ইত্যাদি এবং মিশ্রচাষ হিসেবে কার্প।	হস্তশিল্প প্রস্তুতকরণ, ঝাকা, টুপড়ি, কাঁথা, কাপড় সেলাই, আঁচার ইত্যাদি।

### প্রযুক্তি হতে প্রাপ্তি

পুরুষ LSP—চারা উৎপাদন (সংখ্যা/বছর)= ২২৪০৫ টি, ব্যয়= ৬২১৫ টাকা, নীট আয়= ২৪৩৪৮ টাকা।

বীজ সরবরাহ/বছর= ১০ রকম, ব্যয়= ৫০০০ টাকা, নীট আয়= ৩২৫০ টাকা।

টিকা প্রদান/বছর= ৫২০টি, নীট আয়= ১০৪০ টাকা।

মহিলা LSP—হস্তশিল্প তৈরির উপর প্রশিক্ষণ প্রদান= ১৫ জন। সেলাই মেশিনে পোশাক তৈরিকরণ প্রশিক্ষণ= ২৬ জন।

### প্রযুক্তির প্রভাব

- বীজ/চারা সহজলভ্য ও সময়মত প্রাপ্তির কারণে বছরব্যাপি সবজি উৎপাদন ধারা অব্যাহত রাখা সম্ভব হচ্ছে। গবাদি পশু-পাখির রোগবাহ্যিকতার মাত্রা কম হচ্ছে। সর্বোপরি বসতভিটার সুষ্ঠু ব্যবহার করা সম্ভব।
- সবজি, ফল, গবাদি পশু-পাখি, মাছ ইত্যাদির সমন্বিত ব্যবহারের ফলে পরিবেশ পরিচ্ছন্নতার পাশাপাশি খরচ কমিয়ে ও আয় বৃদ্ধির মাধ্যমে কৃষককে স্বাবলম্বী করা সম্ভব।
- একজন কৃষক তার বাড়তি কাজ হিসেবে বিভিন্ন বীজ ও চারা উৎপাদন, বিভিন্ন উৎস হতে বীজ/চারা সংগ্রহ, সংরক্ষণ, প্যাকেটজাতকরণ (প্যাকেজ), বিক্রয়/বিতরণ, গবাদি পশু-পাখির টিকাদান, মাছ চাষে সহায়তা প্রদান ও অন্যান্য চাষ সংক্রান্ত পরামর্শ প্রদান ইত্যাদির মাধ্যমে বাড়তি আয় করতে পারেন।

## প্রযুক্তির বৈশিষ্ট্য

জনসংখ্যার দ্রুত বৃদ্ধি ও পরিবার ভাঙনের ফলে তৈরি হচ্ছে নতুন নতুন বসতবাড়ি এবং দখল হচ্ছে আবাদি জমি। খাদ্য ঘাটতি পূরণে দেশে বিদ্যমান প্রায় পৌনে দুই কোটি বসতবাড়িকে বারি উদ্ভাবিত বিভিন্ন সবজি উৎপাদন মডেল অনুসারে বছরব্যাপি নিবিড় ফসল চাষের আওতায় আনা জরুরী। আর এ কার্যক্রমকে টেকসই করার জন্য সারাবছর হরেকরকম ফসলের বীজ/চারা সরবরাহ, মাছ চাষ ও গবাদি পশু-পাখির টিকাদান থেকে শুরু করে যত্ন, আয়বর্ধনমূলক কার্যক্রম ইত্যাদি বিষয়ে সহায়তার জন্য স্থানীয় সেবাদানকারী বা লোকাল সার্ভিস প্রোভাইডার (LSP) উন্নয়ন করা দরকার।

- একজন কৃষক তার বাড়তি কাজ হিসেবে বিভিন্ন রকম বীজ ও চারা উৎপাদন, বিভিন্ন উৎস হতে বীজ/চারা সংগ্রহ, সংরক্ষণ, প্যাকেটজাতকরণ (প্যাকেজ), বিক্রয়, বিতরণ, গবাদি পশু-পাখির টিকাদান, মাছ চাষে সহায়তা প্রদান ও অন্যান্য চাষ সংক্রান্ত পরামর্শ প্রদান ইত্যাদির মাধ্যমে বাড়তি আয় করতে পারেন।
- সময়মত খুবই স্বল্প পরিমাণে হরেকরকম ফসলের বীজ কৃষকের দোড়গোড়ায় সহজলভ্য করা সম্ভব।
- বসতভিটার পতিত জমিতে অল্প খরচে অধিক সবজি ফসল আবাদ করা সম্ভব।
- সাংবাৎসরিক সবজি উৎপাদনের মাধ্যমে কৃষক পরিবারের প্রয়োজনীয় পুষ্টি পূরণে সহায়ক।
- কর্মসংস্থান ও বাড়তি আয়ের পথ সৃষ্টি হয়।
- এলাকাভিত্তিক ফসল, গবাদি পশু-পাখি, মাছ ইত্যাদি বিষয়ের জন্য ১ জন পুরুষ LSP এবং কৃষি বহির্ভূত কাজ যেমন- হস্তশিল্প প্রস্তুতকরণ, কাঁথা সেলাই, মেশিনে কাপড় সেলাই, বুড়ি/ঝাড়ু বানানো, মহিলা ও শিশু পুষ্টি এবং পুষ্টিকর রান্না বিষয়ক পরামর্শ প্রদান ইত্যাদি বিষয়ের জন্য ১ জন মহিলা LSP থাকা দরকার।